

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৫৫৯

88/ সাহাবাগণের মর্যাদা (১ হান্ত্রানা)

পরিচ্ছেদঃ 88/8. আলী বিন আবু ত্বলিব (রাঃ)-এর মর্যাদা।

من فضائل على بن أبي طالب رضى الله عنه

আরবী

حديث سهل بن سعد قال: جَاء رَسُولُ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّم، بَيْتَ فَاطِمَة، فَلَمْ يَجِدْ عِلِيًّا فِي الْبَيْتِ فَقَالَ: أَيْنَ ابْنُ عَمِّكِ قَالَتْ: كَانَ بَيْنِي وَبَيْنَهُ شَيْءٌ، فَغَاضَبَنِي، فَخَرَجَ، فَلَمْ يَقِلْ عِنْدِي فَقَالَ رَسُولُ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لإِنْسَانٍ: انْظُرْ أَيْنَ هُو فَجَاء، فَقَالَ: يَا يَقِلْ عِنْدِي فَقَالَ رَسُولُ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لإِنْسَانٍ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَهُو رَسُولُ اللهِ هُوَ فِي الْمَسْجِدِ رَاقِدٌ فَجَاءَ رَسُولُ اللهِ صلَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَهُو مُضَعْطَجِع، قَدْ سَقَطَ رِدَاقُهُ عَنْ شِقِّهِ، وَأَصنَابَهُ تُرَابٌ فَجَعَلَ رَسُولُ اللهِ صلَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ اللهُ عَلَيْهِ وَسلَّمَ يَمْسَحُهُ عَنْهُ، وَيَقُولُ: قُمْ أَبا تُرَابٍ قُمْ أَبَا تُرَابٍ

বাংলা

১৫৫৯. সাহল ইবনু সা'দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেনঃ আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফাতিমাহ (রাঃ)-এর গৃহে এলেন, কিন্তু 'আলী (রাঃ)-কে ঘরে পেলেন না। তিনি ফাতিমাহ (রাঃ)-কে জিজ্ঞেস করলেনঃ তোমার চাচাত ভাই কোথায়? তিনি বললেনঃ আমার ও তাঁর মধ্যে বাদানুবাদ হওয়ায় তিনি আমার সাথে রাগ করে বাইরে চলে গেছেন। আমার নিকট দুপুরের বিশ্রামও করেননি। অতঃপর আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে বললেনঃ দেখ তো সে কোথায়? সে ব্যক্তি খুঁজে এসে বললো হে আল্লাহর রাসূল, তিনি মসজিদে শুয়ে আছেন। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এলেন, তখন 'আলী (রাঃ) কাত হয়ে শুয়ে ছিলেন। তাঁর শরীরের এক পাশের চাদর পড়ে গেছে এবং তাঁর শরীরে মাটি লেগেছে। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর শরীরের মাটি ঝেড়ে দিতে দিতে বললেনঃ উঠ, হে আবু তুরাব! উঠ, হে আবু তুরাব'!

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৮ : সালাত, অধ্যায় ৫৮, হাঃ ৪৪১; মুসলিম, পর্ব ৪৪ : সাহাবাগণের মর্যাদা, অধ্যায়, ৪, হাঃ



২৪০৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন